চিতলমারীতে ঘুষ নেয়ার অভিযোগে এসআই ক্লোজড

বাগেরহাটের চিতলমারীতে ঘুষ নেয়ার অভিযোগে পুলিশের এক সহকারি পরিদর্শককে (এসআই) প্রত্যহার করা হয়েছে। রোববার (১৬ জুন) অনুষ্ঠিত এসআই নিয়োগের লিখিত পরীক্ষার প্রবেশ পত্র দেয়ার সময় এক প্রার্থীর চাচার কাছ থেকে ৫০০ টাকা ঘুষ গ্রহণের অভিযোগে তাকে বাগেরহাট পুলিশ লাইনে সংযুক্ত করা হয়েছে।
উপজেলার পাটরপাড়া গ্রামের ফজলুল হক বিশ্বাস জানান, তার আপন ভাইপো নাহিদুল ইসলামের এসআই পদে লিখিত পরীক্ষার প্রবেশ পত্র চিতলমারী থানায় আসে। তখন চিতলমারী থানার সহকারি পরিদর্শক স্বপন কুমার সরকার তাকে মুঠোফোনে জানান যে প্রবেশ থানায় এসে নিলে ৫০০ টাকা এবং বাড়িতে গিয়ে দিলে ওই দারোগাকে এক হাজার টাকা দিতে হবে। তিনি গত ৫ জুন ওই প্রবেশটা ৫০০ টাকা দিয়ে এসআই ¯^পনের কাছ থেকে গ্রহন করেন। গত ৯ জুন বিষয়টি জানাজানি হলে এসআই স্বপন সরকারকে পরের দিন ১০ জুন ক্লোজড করে বাগেরহাট জেলা পুলিশ লাইনে সংযুক্ত করা হয়েছে।

এ ব্যাপারে চিতলমারী থানার পরিদর্শক (ওসি) অনুকুল সরকার জানান, এসআই প্রার্থী’র চাচা ফজলুল হক কাছ থেকে ৫০০ টাকা নেয়ার বিষয়টি জানাজানি হওয়ায় এসআই (নিরস্ত্র) স্বপন সরকারকে বাগেরহাট পুলিশ লাইনে ক্লোজড করা হয়েছে।